রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ২৫, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৭ই অগ্রহায়ণ, ১৩৯৪/২৪শে নভেম্বর, ১৯৮৭

নং এস, আর, ও ২৭৫-আইন/৮৭—Government Primary School Teachers Welfare Trust Ordinance, 1985 (XXVI of 1985) এর section 14 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাষ্ট ও কল্যাণ তহবিল বিধিমালা, ১৯৮৭ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "অধ্যাদেশ" অর্থ Government Primary School Teachers Welfare Trust Ordinance, 1985 (XXVI of 1985);

(খ) "কল্যাণ তহবিল" অর্থ অধ্যাদেশের section 10 এর অধীনে গঠিত Funds of the Trust ;

(গ) "পোষ্য" অর্থ সংশ্লিষ্ট সময়ে কোন সদস্যের উপর সম্পূর্ণভাবে নির্ভরশীল স্ত্রী বা, ক্ষেত্রমত, স্বামী, এবং তাঁহার সন্তানগণ, হিন্দু সদস্যদের ক্ষেত্রে দত্তক পুত্র, পিতামাতা, নাবালক ভাই, অবিবাহিতা বা তালাকপ্রাপ্তা বা বিধবা বোন ;

(ঘ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ফরম ;

(ঙ) "সদস্য" অর্থ অধ্যাদেশের section 11 এর অধীনে কল্যাণ তহবিলে চাঁদা প্রদানকারী শিক্ষক ;

(চ) "সচিব" অর্থ অধ্যাদেশের section 5(2) এর অধীনে নির্ধারিত Secretary of the Board ;



মূল্যঃ ৬০ পয়সা

৩। **কল্যাণ তহবিল হইতে অনুদান প্রদান।**—বোর্ড কল্যাণ তহবিল হইতে একজন সদস্য অথবা তাঁহার পোষ্যের জন্য নিম্নলিখিত অনুদানসমূহ প্রদান করিতে পারিবেন, যথাঃ—

(ক) উক্ত সদস্য অথবা তাঁহার কোন পোষ্যের চিকিৎসার জন্য উক্ত সদস্যের তিন মাসের মূল বেতনের অধিক নহে এমন এককালীন আর্থিক মঞ্জুরী ;

(খ) উক্ত সদস্যের মেধাবী সন্তান-সন্ততি অথবা পোষ্যের জন্য উক্ত সদস্যের দুই মাসের মূল বেতনের অধিক নহে এমন এককালীন আর্থিক মঞ্জুরী ;

(গ) উক্ত সদস্যের উপর নির্ভরশীল মেধাবী স্ত্রী বা পোষ্যদের জন্য বৃত্তি বা উপ-বৃত্তি হিসাবে আর্থিক সহায়তা, যাহা মাসিক দেড়শত টাকার অধিক হইবে না ;

(ঘ) বোর্ডের সিদ্ধান্তক্রমে সদস্য অথবা তাঁহার পোষ্যের জন্য যে কোন আর্থিক সহায়তা।

৪। **বোর্ডের সভা।**—(১) প্রতি তিন মাসে কমপক্ষে একবার বোর্ডের সভা অনুষ্ঠিত হইবেঃ

তবে শর্ত থাকে যে প্রতি বৎসর জুলাই মাসে বোর্ডের বাজেট অনুমোদনের জন্য একটি সভা অনুষ্ঠিত হইবে।

(২) কোরাম পূর্ণ না হওয়ার কারণে কোন সভা অনুষ্ঠান সম্ভব না হইলে পরবর্তী সপ্তম দিবসে সভাটি পুনরায় আহবান করিতে হইবে।

(৩) কোন সভা অনুষ্ঠানের সাত দিন পূর্বে সচিব সকল ট্রাষ্টিকে লিখিত নোটিশ দ্বারা সভার তারিখ, সময় ও স্থান সম্পর্কে অবহিত করিবেনঃ

তবে শর্ত থাকে যে কোরামের অভাবে কোন সভা অনুষ্ঠান সম্ভবপর না হইলে পরবর্তীতে তিন দিনের অনুরূপ নোটিশ দ্বারা সেই সভা আহবান করা যাইবে।

(৪) সচিব অথবা, তাঁহার অনুপস্থিতিতে, চেয়ারম্যানের সিদ্ধান্ত মোতাবেক, বোর্ডের কোন সদস্য সভার সকল সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন।

৫। **কল্যাণ তহবিলে চাঁদা প্রদান, ইত্যাদি।**—(১) অধ্যাদেশের section 11 এর বিধান সাপেক্ষে, যে সকল সদস্য কল্যাণ তহবিলের সুবিধা গ্রহণ করিতে চাহেন তাঁহারা প্রাথমিক চাঁদা হিসাবে কুড়ি টাকা এবং প্রতি বৎসর বাৎসরিক চাঁদা হিসাবে দুই টাকা কল্যাণ তহবিলে প্রদান করিবেন।

(২) উক্ত চাঁদা সংশ্লিষ্ট উপজেলা বা থানা শিক্ষা অফিসারের নিকট নগদ জমা দিতে হইবে।

(৩) উপজেলা বা থানা শিক্ষা অফিসার চাঁদা আদায়ের পর সংশ্লিষ্ট সদস্যকে ফরম-'গ' অনুযায়ী একটি প্রাপ্তি স্বীকারপত্র প্রদান করিবেন; এবং কোন নূতন সদস্যের চাঁদা আদায়ের সাথে সাথেই উহা ট্রাষ্টের সদর দপ্তরকে অবহিত করিবেন।

(৪) ট্রাষ্টের সদর দপ্তরে ক্রমিক নম্বরসহ প্রত্যেক প্রাথমিক চাঁদা প্রদানকারী সদস্যের নাম উপজেলাওয়ারী রেজিষ্ট্রিভুক্ত করিতে হইবে।

(৫) কোন সদস্য প্রেষণে অন্যত্র বদলী হইলে প্রেষণে থাকাকালীন সময় তাঁহার চাঁদা নিকটস্থ উপজেলা বা থানা শিক্ষা অফিসারের নিকট নগদে জমা দিতে হইবে।

(৬) উপজেলা বা থানা শিক্ষা অফিসার জমাকৃত অর্থ নিকটস্থ জনতা ব্যাংকের এবং জনতা ব্যাংক না থাকিলে সোনালী ব্যাংকের শাখায় ট্রাষ্টের নামে পরিচালিত একটি হিসাবে সাত দিনের মধ্যে জমা দিবেন এবং বোর্ড সময়ে সময়ে যেইভাবে নির্দেশ দিবেন সেইভাবে উক্ত বোর্ডের তহবিলে স্থানান্তর করিবেন।

(৭) উপজেলা বা থানা শিক্ষা অফিসার সংশ্লিষ্ট উপজেলার সকল সদস্যের বিবরণ এবং জমাকৃত অর্থের হিসাব প্রতি বৎসর ডিসেম্বর মাসে ট্রাষ্টের কেন্দ্রীয় কার্যালয়ে প্রেরণ করিবেন।

৬। **সচিবের দায়িত্ব ও কার্যাবলী।**—চেয়ারম্যানের সাধারণ নির্দেশনা এবং নিয়ন্ত্রণাধীনে সচিব নিম্নবর্ণিত বিষয়সমূহের দায়িত্ব পালন করিবেন, যথাঃ—

(ক) বোর্ড-এর নথিপত্র রক্ষণাবেক্ষণ;

(খ) কল্যাণ তহবিল হইতে অর্থ বিতরণ তদারকী ;

(গ) বোর্ড-এর সভার নোটিশ জারীকরণ;

(ঘ) বোর্ড-এর সকল সিদ্ধান্ত বাস্তবায়ন ;

(ঙ) সদস্যদের নাম ক্রমিক নম্বর সহকারে রেজিষ্ট্রি ভুক্তকরণ; এবং

(চ) বিভিন্ন সময়ে বোর্ড-এর চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত যে কোন কর্তব্য সম্পাদন।

৭। **তহবিল সংরক্ষণ।**—কল্যাণ তহবিলের জন্য প্রাপ্ত সকল অর্থ জনতা ব্যাংকের ঢাকাস্থ পুরানা পল্টন শাখায় জমা রাখা হইবে।

৮। **কল্যাণ তহবিল হইতে সুবিধাদি পাওয়ার অযোগ্যতা।**—যদি কোন সদস্য চাকুরীতে ইস্তফা দেন অথবা চাকুরী হইতে অপসারিত কিংবা বরখাস্ত হন অথবা হাল সন পর্যন্ত নির্ধারিত চাঁদা প্রদান না করেন তাহা হইলে তিনি কল্যাণ তহবিল হইতে কোনরূপ সুযোগ-সুবিধা পাইবেন না।

৯। **দরখাস্তের ফরমসমূহ।**—(১) বৃত্তি বা উপ-বৃত্তির দরখাস্ত ফরম 'ক'-তে পেশ করিতে হইবে।

(২) চিকিৎসার জন্য আর্থিক সহায়তা হিসাবে এককালীন মঞ্জুরীর দরখাস্ত ফরম 'খ'-তে পেশ করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এ উল্লেখিত ফরম ট্রাষ্টের সদর দপ্তর হইতে দুই টাকার পোষ্টাল অর্ডারের বিনিময় সংগ্রহ করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে জরুরী চিকিৎসার প্রয়োজনের ক্ষেত্রে দুই টাকার পোষ্টাল অর্ডারসহ সাদা কাগজে লিখিত আবেদন বিবেচনা করা যাইবে।

১০। **হিসাবে বাৎসরিক বিবরণ।**—ট্রাষ্ট প্রতি অর্থ বৎসর শেষ হওয়ার দুই মাসের মধ্যে সরকারের নিকট উহার বাৎসরিক আয় ব্যয়ের হিসাব বিবরণী পেশ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম, এ, সাঈদ
সচিব।

ফরম ক

[বিধি ৯(১) দ্রষ্টব্য]

**সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাস্ট তহবিল হইতে বৃত্তি/উপ-বৃত্তি মঞ্জুরীর আবেদন পত্র।**

(শুধুমাত্র সদস্যদের জন্য)

১। (ক) সদস্যের নাম ও পদবী :
(খ) সদস্যের ক্রমিক নম্বর :
(গ) সদস্য যে প্রতিষ্ঠান/বিদ্যালয়ে কর্মরত তাহার নাম ও ঠিকানা :
(ঘ) স্থায়ী ঠিকানা :
(ঙ) বর্তমান ঠিকানা :
(চ) বর্তমান বেতনক্রম ও মূল বেতন :
(ছ) সর্বশেষ উত্তোলিত মোট বেতন :

২। (১) যাহার জন্য বৃত্তি/উপ-বৃত্তি চাওয়া হইতেছে তাহার— :
(ক) নাম (স্পষ্টাক্ষরে) :
(খ) জন্ম তারিখ :
(গ) সদস্যের সহিত সম্পর্ক :
(ঘ) অধ্যয়নরত শ্রেণী :
(ঙ) শিক্ষাক্রমের মেয়াদ শুরু ও সমাপ্তির সুস্পষ্ট তারিখ :
(চ) শিক্ষা প্রতিষ্ঠানের নাম :
(ছ) বিভিন্ন পরীক্ষায় পাশের বৎসর/বিভাগ/শ্রেণীসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান বোর্ড/বিশ্ববিদ্যালয় এর বিস্তারিত বিবরণ :
(জ) পাঠ্য বিষয়সমূহ :

(২) সদস্যের অধ্যয়নরত পুত্র, কন্যা ও পোষ্যদের বিবরণ (নাম, শ্রেণী ও শিক্ষা প্রতিষ্ঠানের নামসহ) :

৩। আমি এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জানা ও বিশ্বাসমত সত্য। কোন তথ্য গোপন করিয়াছি বলিয়া পরবর্তীতে প্রমাণিত হইলে আমার পোষ্যদের জন্য গৃহীত সমুদয় অর্থ ফেরত প্রদান করিব এবং সরকার ও ট্রাস্টের বিধি মোতাবেক আমার বিরুদ্ধে গৃহীত ব্যবস্থাদি মানিতে বাধ্য থাকিব।

সদস্যের স্বাক্ষর

স্মারক নং ............................................ তারিখ...................

উপরিউক্ত তথ্যাদি সঠিক বলিয়া প্রত্যয়ন করিতেছি। আরও প্রত্যয়ন করিতেছি যে আবেদনকারী হাল সন পর্যন্ত তাঁহার প্রদেয় চাঁদা পরিশোধ করিয়াছেন।

স্বাক্ষর সীল

উপজেলা/থানা শিক্ষা অফিসার,

উপজেলা ..................... জেলা ............

৪। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত সনদঃ

প্রত্যয়ন করা যাইতেছে..........(সদস্যের নাম)..........এর পুত্র/কন্যা/স্বামী/স্ত্রী ..........................................(যাহার জন্য বৃত্তি/উপ-বৃত্তি চাওয়া হইয়াছে তাহার নাম) অত্র শিক্ষা প্রতিষ্ঠানের ..........................................শ্রেণীতে/বর্ষে অধ্যয়নরত ছাত্র/ছাত্রী।

সে সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাস্ট হইতে আবেদনকৃত বৃত্তি/উপ-বৃত্তি পাওয়ার যোগ্য।

সে..........................................উৎস হইতে....................হারে বৃত্তি/ উপ-বৃত্তি/আর্থিক সুবিধা ভোগ করে/করে না।

সে অত্র শ্রেণীতে/বর্ষে..........................................তারিখে ভর্তি হইয়াছে। তাহার উক্ত শিক্ষা বর্ষ....................তারিখে শুরু হইয়াছে এবং..................................তারিখে শেষ হইবে।

শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের

স্বাক্ষর ও সীল।

---

বিঃ দ্রঃ ট্রাস্টের নিকট প্রেরিত আবেদনপত্রের হুবহু অনুলিপি উপজেলা/থানা শিক্ষা অফিসে সংরক্ষণ করিতে হইবে। ট্রাস্ট অফিসে প্রেরিত দরখাস্তে উপজেলা/থানা অফিসের মেমো নম্বর ও তারিখ অবশ্যই থাকিতে হইবে।

ফরম "খ"

[বিধি ৯(২) দ্রষ্টব্য]

**সরকারী প্রাথমিক বিদ্যালয় কল্যাণ তহবিল হইতে চিকিৎসার জন্য আর্থিক সুবিধা গ্রহণের আবেদন পত্র।**

১। সদস্যের নাম ও পদবী :

২। সদস্যের ক্রমিক নম্বর :

৩। সদস্যের পিতা/স্বামীর নাম :

৪। সদস্য বর্তমানে যে বিদ্যালয়ে কর্মরত উহার নাম ও ঠিকানা (ক্রমিক নম্বরসহ) :

৫। বর্তমান ঠিকানা :

৬। স্থায়ী ঠিকানা :

৭। সরকারী চাকুরীতে শিক্ষক পদে প্রথম যোগদানের তারিখ :

৮। জন্ম তারিখ :

৯। (ক) বর্তমান বেতনক্রম ও মূলবেতন :
(খ) সর্বশেষ উত্তোলিত মোট বেতন :

১০। যাহার চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদন করা হইতেছে তাহার— :
(ক) নাম :
(খ) বয়স :
(গ) সদস্যের সহিত সম্পর্ক :

১১। অসুস্থতার প্রকৃতি (রেজিস্টার্ড ডাক্তারের নিকট হইতে অসুস্থতার প্রকৃতি সম্পর্কে গৃহীত সনদ দরখাস্তের সহিত সংযুক্ত করিতে হইবে)। :

১২। প্রার্থীত আর্থিক সাহায্যের পরিমাণ :

সদস্যের স্বাক্ষর
ও তারিখ

স্মারক নং , তারিখ

উপরিউক্ত তথ্যাদি সঠিক বলিয়া প্রত্যায়ন করিতেছি। আরও প্রত্যায়ন করিতেছি যে আবেদনকারী তাঁহার প্রদেয় চাঁদা হাল সন পর্যন্ত পরিশোধ করিয়াছেন।

স্বাক্ষর ও সীল
উপজেলা/থানা শিক্ষা অফিসার,
উপজেলা/থানা.................জেলা..................

বিঃ দ্রঃ ট্রাস্টের নিকট প্রেরিত আবেদনপত্রের হুবহু অনুলিপি উপজেলা/থানা শিক্ষা অফিসে সংরক্ষণ করিতে হইবে। ট্রাস্ট অফিসে প্রেরিত দরখাস্তে উপজেলা/থানা অফিসের মেমো নম্বর ও তারিখ অবশ্যই থাকিতে হইবে।

**ফরম-গ**

**[বিধি ৫(৩) দ্রষ্টব্য]**

ক্রমিক নং.........................., তারিখ...................

**সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাস্ট**
**চাঁদা আদায়ের প্রাপ্তি স্বীকার পত্র**

সদস্যের ক্রমিক নম্বর........................................................

সদস্যের নাম..................................................................

পিতার/স্বামীর নাম...........................................................

পদবী ............................................................................

বিদ্যালয়ের নাম.................................................................

উপজেলা/থানা................................ জেলা ..................

সদস্য ভুক্তির চাঁদা (এক কালীন)
বার্ষিক চাঁদা ১৯............সাল
মোট টাকা (কথায়)

| | টাকা | পয়সা |
|---|---|---|
| মোট | | |

আদায়কারী উপজেলা শিক্ষা অফিসারের স্বাক্ষর ও সীল

তারিখ————

**ফরম-গ**

**[বিধি ৫(৩) দ্রষ্টব্য]**

ক্রমিক নং.........................., তারিখ...................

**সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক কল্যাণ ট্রাস্ট**
**চাঁদা আদায়ের প্রাপ্তি স্বীকার পত্র**

সদস্যের ক্রমিক নম্বর........................................................

সদস্যের নাম..................................................................

পিতার/স্বামীর নাম...........................................................

পদবী ............................................................................

বিদ্যালয়ের নাম.................................................................

উপজেলা/থানা................................ জেলা ..................

সদস্য ভুক্তির চাঁদা (এক কালীন)
বার্ষিক চাঁদা ১৯............সাল
মোট টাকা (কথায়)

| | টাকা | পয়সা |
|---|---|---|
| মোট | | |

আদায়কারী উপজেলা শিক্ষা অফিসারের স্বাক্ষর ও সীল

তারিখ————

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
**খোন্দকার মাহ্ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা**
কর্তৃক প্রকাশিত।